



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৭ এপ্রিল ২০১৫

প্রেস বিজ্ঞপ্তি

রিমান্ডের নামে রিকো চাকমার উপর নির্যাতনের নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের সমন্বয়ক প্রদীপন খীসা আজ ২৭ এপ্রিল ২০১৫ সোমবার সংবাদ মাধ্যমে দেওয়া এক বিবৃতিতে রিমান্ডের নামে রিকো চাকমার উপর নির্যাতনের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি অভিযোগ করে বলেন, যেসব মামলায় রিকো চাকমাকে গ্রেফতার ও রিমান্ডে নেওয়া হয়েছে সেগুলো সম্পূর্ণ সাজানো, মিথ্যা ও ষড়যন্ত্রমূলক। ইউপিডিএফের গণতান্ত্রিক আন্দোলনকে বাধাগ্রস্ত করতেই নেতা-কর্মীদের বিরুদ্ধে ষড়যন্ত্রমূলকভাবে মিথ্যা মামলা দিয়ে হয়রানি ও রিমান্ডের নামে নির্যাতন চালানো হচ্ছে।

বিবৃতিতে তিনি রিকো চাকমার উপর নির্যাতন বন্ধের দাবি জানিয়ে বলেন, রিকো চাকমা একজন উচ্চ শিক্ষিত যুবক ও গণতান্ত্রিক আন্দোলনের কর্মী। তার উপর এ ধরনের বর্বর নির্যাতন কোনভাবেই মেনে নেওয়া যায় না। পুলিশী নির্যাতনের কারণে রিকো চাকমার যদি কোন কিছু হয়, তাহলে তার সকল দায়-দায়িত্ব সরকারকে বহন করতে হবে।

বিবৃতিতে তিনি অবিলম্বে রিকো চাকমার নিঃশর্ত মুক্তি, নেতা-কর্মী ও সংগঠকদের উপর ধরপাকড়, মিথ্যা মামলা, হয়রানি বন্ধ করা এবং সুষ্ঠু গণতান্ত্রিক পরিবেশ নিশ্চিত করার জোর দাবি জানান।

উল্লেখ্য, গত ২২ এপ্রিল বার কাউন্সিলের এডভোকেটশিপ পরীক্ষায় অংশ নেয়ার জন্য রিকো চাকমা খাগড়াছড়ি থেকে রাতের গাড়িতে (এস আলম কোচ) করে ঢাকায় যাবার পথে গুইমারা সেনানিবাস এলাকায় গাড়ি থেকে নামিয়ে সেনাবাহিনী তাঁকে আটক করে। এরপর তাকে গুইমারা থানায় নেওয়া হয়। পরে তাকে খাগড়াছড়ি সদর থানায় নিয়ে যাওয়ার পর সাজানো মিথ্যা মামলায় আটক দেখিয়ে ২৩ এপ্রিল বিকালে আদালতে হাজির করা হয়। আদালত তাকে জামিন না দিয়ে ৩ দিনের রিমান্ডের আদেশ দেয়। এরপর পুলিশ তাকে রিমান্ডে নিয়ে ব্যাপক নির্যাতন চালায়। তিন দিনের রিমান্ড শেষে রবিবার (২৬ এপ্রিল) বিকালে আদালতে হাজির করে পুলিশ আবারো তার রিমান্ড দাবি করলে আদালত নতুন করে আরো দু'দিনের রিমান্ডের আদেশ দেয়। এ নিয়ে তার ৫ দিনের রিমান্ড চলছে।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।